# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের জুলাই ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ঃ ০৯ জুলাই ২০২০

সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।**

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর (কোভিড-১৯) করোনা কালে মার্চ মাস থেকে সকল ইউপি চেয়ারম্যাগণ এবং সরকারি কর্মকর্তা কর্মচারীগণ অনেক ঝুঁকি নিয়ে তাদের দায়িত্ব যথাযথভাবে করে আসছেন। করোনায় যে সকল কর্মকর্তা কর্মচারী আক্রান্ত হয়ে সুস্থ হয়েছেন তাদের ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় করোনা ভাইরাসে (কোভিড-১৯) ৯০ জনের পজিটিভ এসেছে ৪৩ জনকে ছারপত্র দেয়া হয়েছে। বাড়ীতে ৫৪ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে | সভায় বিস্তারিত আলোচনান্তে সামাজিক নিরাপত্তাসহ সচেতন থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের-কে অনুরোধ জানানো। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | এ বিষয়ে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মৎস্য অফিসারকে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্াাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ করা হয়। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা-কে পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বর্তমান সরকার বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা জিটুপি পদ্ধতিতে মাধ্যমে প্রদান করা হবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এ উপজেলায় বয়স্ক ও বিধবা ভাতা শতভাগ প্রদান করা হবে। ভাতা ভোগীরা নিজেরা স্বাক্ষর প্রদান করে সমাজসেবা অফিস হতে বই নিয়ে ইউনিয়ন পরিষ উদ্যেক্তাদের নিকট জমা প্রদান করবেন। উদ্যোক্তাগণ অনলাইনে সঠিকভাবে নাম অন্তরভূক্ত করবেন। তার দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোন সকল ইউনিয়ন ও পৌরসভায় শতভাগ ভাতা প্রাপ্তি নিশ্চিতের জন্য মেয়র ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।ং ভাতা প্রাপ্তদের এমআইএস করতে উদ্যোক্তাদের সার্বিক সহযোগিতা প্রাদান ও যাতে কেউ বাদ না পড়ে সে বিষয়ে মেয়র ও চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | এ বিষয়ে আলোচনান্তে মাধ্যমিক শিক্ষা অফিসারকে উপজেলা পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ৯। প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ | এ বিষয়ে আলোচনান্তে প্রাথমিক শিক্ষা |

| | | |
|---|---|---|
| বিভাগ | সম্পর্কে আলোচনা করা গেল না। | অফিসারকে উপজেলা পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা পল্লি উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মাতৃত্ব ভাতা বিতরণ কার্যক্রম চলছে। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১২। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য উপজেলা পরিষদের প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। |
| ১৪। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ সাভাবিক ভাবে চলমান আছে কোন সমস্যা নাই । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তা-কে ধন্যবাদ জানিয়ে দাপ্তরিক কাজ আন্তরিকতার সাথে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। |
| ১৫। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় উপজেলা খাদ্য কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় । |
| বিবিধ | ০১। সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে। ইউজিডিপির অবকাঠামো প্রকলসমূহ ছাড়া সকল প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে বাস্তবায়ন হয়েছে। ইউজিডিপির অবকাঠামো প্রকলসমূহের বাস্তবায়ন কাজ চলমান আছে। যেহেতু বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০১৯-২০ শেষ হয়েছে, তাই বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। তিনি আরও জানান যে, বাকেরগঞ্জ উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। পরে সভায় উপস্থিত সকলের কাছে বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদনটি পেশ করা হল।<br><br>০২। উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ থেকে ২০২৩-২৪) বাস্তবায়ন কাজ চলমান আছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন (বার্ষিক পরিবীক্ষন প্রতিবেদন) প্রতি বছর স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। তিনি আরও জানান যে, বাকেরগঞ্জ উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার ২০১৯-২০ অর্থবছরের অগ্রগতির উপর বার্ষিক পরিবীক্ষন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। পরে সভায় উপস্থিত সকলের কাছে বার্ষিক পরিবীক্ষন প্রতিবেদনটি পেশ করা হল। | ০১। এ বিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সর্বসম্মতক্রমে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন (২০১৯-২০) অনুমোদন করা হয়।<br><br>০২। এ বিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সর্বসম্মতক্রমে উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের বার্ষিক পরিবীক্ষন প্রতিবেদন (২০১৯-২০) অনুমোদন করা হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.৫৭৭ তারিখ ঃ ১২-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।

৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।

৭। উপজেলা...............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

৮। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

৯। অফিস কপি।

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।